যুগান্তর

তারিখ 04 OCT 2016
2 কলাম 6

# ঢাবির প্রযুক্তি ইউনিটে ভর্তির অনলাইন আবেদন শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অন্তর্গত প্রযুক্তি ইউনিটের অধীনে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির অনলাইন আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা আগামী ২ নভেম্বর পর্যন্ত ভর্তির আবেদন করতে পারবেন। সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে প্রক্রিয়ার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

এ সময় উপস্থিত ছিলেন প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, প্রযুক্তি ইউনিটের প্রধান সমন্বয়কারী ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম, অধ্যাপক সুব্রত কুমার আদিত্য এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তারা।

ইউনিটটিতে মোট আসন সংখ্যা ৫৭০টি। ভর্তি পরীক্ষা আগামী ১৮ নভেম্বর বিকাল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয়ে বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে http://admission.eis.du.ac.bd জানা যাবে।